

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
www.bnh.gov.bd



বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম-এর ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ড. ফাহিমদা খানম, অতিরিক্ত সচিব ও পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।

সভার তারিখঃ ২০ মে ২০২৪ খ্রি.

সভার সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকা

সভার স্থানঃ পরিচালকের কক্ষ।

সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নাইমুর রহমান শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে বিস্তারিত উপস্থাপন করেন। তিনি 'শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১' এর অনুষ্টেদ ৪.০-এ উল্লিখিত সূচকসমূহের ভিত্তিতে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত গ্রেড-২ হতে গ্রেড-৯ ভুক্ত একজন, গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত একজন এবং গ্রেড-১৭ হতে গ্রেড-২০ একজন-কে ২০২৩-২৪ অর্থ বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা যেতে পারে বলে অভিমত ব্যক্ত করেন।

২.০ আলোচনা

২.১ আলোচনার শুরুতে সভাপতি মহোদয়সহ কমিটির সবারই ২-৯ গ্রেডভুক্ত ১২ (বারো) জন কর্মকর্তাকে সততা ও নৈতিকতা, সেবাগ্রহীতাদের সেবা প্রদান, পেশাগত দক্ষতা ও তথ্য প্রযুক্তির ব্যবহার (ই-নথি, ই-সার্ভিস ইত্যাদি), অধস্তন কর্মচারীদের তত্ত্বাবধান ও পরিবীক্ষণ, দলগত কাজে সমন্বয়, সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং শুদ্ধাচার কৌশলকর্ম-পরিকল্পনা বাস্তবায়নের তৎপরতা, কর্তব্যনিষ্ঠা ও স্ব-প্রনোদিত উদ্যোগ, উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমে আগ্রহ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন মূল্যায়ন সূচকের উপর নম্বর বণ্টন করা হয়। মূল্যায়নে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ০৩ (তিন) জনের তালিকা নিম্নরূপঃ

ক্রম	নাম	পদবী	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১।	ড. মাহবুবা সুলতানা	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	৯০	১ম
২।	জনাব খন্দকার কামরুল ইসলাম	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	৮৯	২য়
৩।	জনাব মোহাম্মদ এমদাদুল হক	বৈজ্ঞানিক কর্মকর্তা	৮৮	৩য়

২.২ এ পর্যায়ে ১০-১৬ গ্রেডভুক্ত ১৭ (সতেরো) জনকে সততা ও নৈতিকতা, সেবা প্রদানে দক্ষতা, সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ, উদ্ভাবন ও সংস্কারমূলক কাজে আগ্রহ, কম্পিউটার ব্যবহার ও ই-কমিউনিকেশনে দক্ষতা, সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ, নথি ব্যবস্থাপনায় দক্ষতা, দাপ্তরিক গোপনীয়তা রক্ষা, আনুগত্য ও বিশ্বস্ততা, উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন সূচকের ভিত্তিতে মূল্যায়ন করা হয়। মূল্যায়নে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ০৩ (তিন) জনের তালিকা নিম্নরূপঃ

ক্রম	নাম	পদবী	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১।	বেগম পারভীন আক্তার	ডাটা এন্ট্রি অপারেটর	৮৫	১ম
২।	জনাব ফরিদ হোসেন হাওলাদার	ইলেক্ট্রিশিয়ান	৮১	২য়
৩।	বেগম পারভীন আক্তার	সীটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর	৮০	৩য়

২.৩ পরিশেষে ১৭-২০ গ্রেডভুক্ত ১০ (দশ) জনকে সততা ও নৈতিকতা, সেবা প্রদানে দক্ষতা, সহকর্মী ও সেবাগ্রহীতার সঙ্গে আচরণ, দাপ্তরিক গোপনীয়তা রক্ষা, দাপ্তরিক নিরাপত্তা সচেতনতা, সময়ানুবর্তিতা ও শৃঙ্খলাবোধ, আনুগত্য ও বিশ্বস্ততা, পরিষ্কার পরিচ্ছন্নতা, যথাযথ পোশাক পরিধান, উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব পালন সূচকের ভিত্তিতে মূল্যায়ন করা হয়। মূল্যায়নে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ০৩ (তিন) জনের তালিকা নিম্নরূপঃ

Mms

২০২৪

৩

ক্রম	নাম	পদবী	প্রাপ্ত নম্বর	মন্তব্য
১।	জনাব অধিকারী অঞ্জন কুমার	ফিল্ড এটেন্ডেন্ট	৮৩	১ম
২।	জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন ডুইয়া	অফিস সহায়ক	৮১	২য়
৩।	জনাব গোলাম মস্তফা	নিরাপত্তা প্রহরী	৮০	৩য়

৩.০ সিদ্ধান্তঃ

প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ২-৯ গ্রেডে ড. মাহবুবা সুলতানা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা; ১০-১৬ গ্রেডে পারভীন আক্তার, ডাটা এন্ট্রি অপারেটর এবং ১৭-২০ গ্রেডে অধিকারী অঞ্জন কুমার, ফিল্ড এটেন্ডেন্ট-কে ২০২৩-২৪ অর্থ বছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়

৩.১ পুরস্কারের জন্য মনোনীত ব্যক্তিগণ একটি সার্টিফিকেট, একটি ক্রেস্ট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসেবে প্রাপ্ত হবেন।

৪। অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



নাইমুর রহমান
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
সদস্য সচিব
শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম



ড. সরদার নাসির উদ্দিন
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
ও
সদস্য
শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম



ড. ফাহমিদা খানম
অতিরিক্ত সচিব
ও পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভাপতি
শুদ্ধাচার পুরস্কার প্রদান কমিটি
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম